সমকাল

তারিখ . . 28 APR 2016 . . .
পৃষ্ঠা ...৬... কলাম ৮...

# চুয়েটের নতুন ভিসি ড. রফিকুল আলম

■ চট্টগ্রাম ব্যুরো ও রাউজান প্রতিনিধি



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) পঞ্চম উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম। আগামী চার বছরের জন্য তাকে এ নিয়োগ দিয়েছেন রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য মো. আবদুল হামিদ। শিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠানো এক ফ্যাক্সবার্তায় এ কথা জানানো হয়। গতকাল বুধবার বিকেলে তিনি দায়িত্বভার গ্রহণ করেন।

অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম এ প্রতিষ্ঠান থেকে ১৯৭৯ সালে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি সম্পন্ন করেন। ১৯৮২ সালের ১৯ আগস্ট প্রভাষক হিসেবে এই প্রতিষ্ঠানের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগ দেন।

ড. রফিকুল আলম তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের ডিন, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধানসহ নানা গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। ২০১৩ সালের ৬ মার্চ তিনি চুয়েটের প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগ পান। গত ১৫ এপ্রিল থেকে ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন শুরু করেন। তিনি ১৯৫৮ সালের ১ জানুয়ারি চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলার মরিয়মনগরে এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন।